

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.১৮.১৬৭.২২- ৯৮


তারিখ: ১৩ মার্চ, ২০২৫

বিষয়: চূড়ান্ত কারন দর্শানো নোটিশ।

সূত্র: স্মারক নং ৪৭.৬২.৭৮৩৮.১০০.০০.০০০.২৫-২১ তারিখ: ০৪ এপ্রিল, ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বিগত ০১/০১/২০২৫ তারিখ থেকে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা কর্তৃপক্ষ স্মারক নং- ৪৭.৬২.৭৮৩৮.১০০.০০.০০০.২৫-০১ তারিখঃ- ০৬/০১/২০২৫ এবং স্মারক নং-৪৭.৬২.৭৮৩৮.১০০.০০.০০০.২৫-০৪ তারিখঃ-০৯/০১/২০২৫ মূলে ব্যাখ্যা তলব করেন। তদুপরি আপনি কর্মস্থলে যোগদান করেননি, যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। আপনি বিনানুমতিতে ৬০দিন বা তদূর্ধ্ব সময় কর্মস্থলে অনুপস্থিত থাকায় ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুযায়ী চাকুরী হতে পলায়ন করেছেন মর্মে কর্তৃপক্ষ কর্তৃক প্রতীয়মান হয়েছে। এছাড়া আপনি আপনার রুকুভুক্ত সমিতির সুফলভোগী সদস্য হতে আদায়কৃত ঋণের আসল ও সেবামূল্য বাবদ ২,৩৯,২০০/- ও সঞ্চয় বাবদ ২০,৪৪০/-টাকাসহ সর্বমোট ২,৫৯,৬৪০/- (দুই লক্ষ উনষাট হাজার ছয়শত চল্লিশ) টাকা আত্মসাৎ করেছেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা কর্মকর্তা নিশ্চিত করেছেন।

এমতাবস্থায়, বিনানুমতিতে ৬০দিন বা তদূর্ধ্ব সময় কর্মস্থলে অনুপস্থিত থাকায় চাকুরী হতে পলায়ন করেছেন মর্মে বিবেচনা করে কেন কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত/অপসারণ করা হবে না আগামী ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে কর্মস্থলে উপস্থিত হয়ে আপনাকে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া আত্মসাতকৃত ২,৫৯,৬৪০/- (দুই লক্ষ উনষাট হাজার ছয়শত চল্লিশ) টাকা আগামী ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদানের জন্য বলা হলো অন্যথায় আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।


১৩.০৩.২৫.
এ, এস, এম সোলায়মান
উপ প্রকল্প পরিচালক

জনাব মোঃ সাইদুর রহমান
মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি,
বাউফল, পটুয়াখালী।

স্থায়ী ঠিকানা: পিতা: মোঃ ইউসুফ প্যাদা,
গ্রামঃ কুড়িপাইকা ডাকঘরঃ কুড়িপাইকা
উপজেলাঃ পটুয়াখালী সদর, জেলাঃ পটুয়াখালী

সদয় জ্ঞাতার্থেঃ

১. কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, পটুয়াখালী।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, বাউফল, পটুয়াখালী।
৫. পরিচালক (প্রশাসন/সরেজমিন/পরিবহন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।